

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
শাখা-৪  
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।  
www.ccie.gov.bd


স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০০৬.২০.৮৮৫

২৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: গণশুনানির বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাগরিক সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এবং সেবা প্রদান কার্যক্রম আরও সহজীকরণের লক্ষ্যে সেবা প্রত্যাশীগণ অত্র দপ্তরের কার্যালয়সমূহের প্রতিশ্রুত সেবা অথবা সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে কোন অসন্তুষ্টি অথবা প্রদেয় সেবার সঙ্গে সম্পর্কিত বিধি বহির্ভূত কাজ অথবা নাগরিকের বৈধ অধিকার প্রদানে অস্বীকৃতির বিষয়ে কোন অভিযোগ থাকলে এবং সেবা আরো উন্নতকরণে পরামর্শ গ্রহণসহ সংশ্লিষ্ট সকল বিষয়ে সরাসরি শ্রবণের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক নিষ্পত্তির লক্ষ্যে অত্র দপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার উপস্থিতিতে আগামী ২১ জুন, ২০২৩ খ্রিঃ রোজ বুধবার সকাল ১১.০০ আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের সম্মেলন কক্ষে (লেভেল- ১৫, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন) গণশুনানির আয়োজন করা হয়েছে। উক্ত গণশুনানিতে আগ্রহী সেবা গ্রহীতা ও সেবা প্রত্যাশীদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২. বিশেষভাবে উল্লেখ্য যে, উপরিউক্ত বিষয়ে কোন ধরনের অভিযোগ থাকলে প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে ডাকযোগে/ই-মেইল (controller.ho@ccie.gov.bd) এর মাধ্যমে উল্লিখিত তারিখের পূর্বেই দাখিল করা যাবে।



০৮-০৬-২০২৩  
মোঃ সিরাজুল ইসলাম  
সহকারী নিয়ন্ত্রক  
ac3.ho@ccie.gov.bd

দপ্তর প্রধান, সকল আঞ্চলিক দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েবসাইটের নোটিশ বোর্ডে প্রকাশ করার অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: ২৬.০৩.০০০০.০০৪.৯৯.০০৬.২০.৮৮৫/১ (৩)

২৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। নির্বাহী কর্মকর্তা-১, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এবং
- ৩। ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।



A handwritten signature in blue ink, appearing to be 'A O', written over a horizontal line.

০৮-০৬-২০২৩  
মোঃ সিরাজুল ইসলাম  
সহকারী নিয়ন্ত্রক